

**ময়মনসিংহে
চার শিক্ষককে
সম্মাননা**

■ ময়মনসিংহ ব্যারো
বিশ্ব শিক্ষক দিবস উপলক্ষে বাংলাদেশ
কারিগরি শিক্ষা কল্যাণ সমিতির
উদ্যোগে সেসিবার বরেণ্য চার
শিক্ষককে সম্মাননা প্রদান করা
হয়েছে। জেলা, শিল্পকলা একাডেমি
মিলনায়তনে আয়োজিত অনুষ্ঠানে গণী
শিক্ষকদের হাতে সম্মাননা 'ফ্রেস্ট ও
অর্থ তুলে' দেন জাতীয় কবি কাজী
নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের
উপাচার্য প্রফেসর ড. মোহীত উল
আলম। সম্মাননাপ্রাপ্ত বরেণ্য চার
শিক্ষক হলেন- অধ্যাপক আমীর
আহমেদ চৌধুরী রতন, প্রফেসর
মোকাররম হোসায়েন, প্রফেসর
একেএম শামসুল ইসলাম (মরণোত্তর)
ও আবদুস সালাম তালুকদার।
এ সময় বাংলাদেশ কারিগরি শিক্ষা
কল্যাণ সমিতির সভাপতি নাজমুল
ইসলাম, প্রেস ক্লাবের সাধারণ
সম্পাদক আতাউল করিম খোকনসহ
বৃহত্তর ময়মনসিংহ অঞ্চলের দুই
শতাধিক শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান ও
শিক্ষকমণ্ডলী উপস্থিত ছিলেন।